



নাজমুল ইসলামের ইস্যুতে ক্রিকেটারদের সর্বাঙ্গিক বয়কট



সংগৃহীত ছবি

বিসিবি'র পরিচালক এম নাজমুল ইসলামের বিতর্কিত মন্তব্যকে কেন্দ্র করে দেশের ক্রিকেটাররা সব ধরনের ক্রিকেট কার্যক্রম থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। তার পদত্যাগের দাবিতে এই কঠোর সিদ্ধান্ত নিয়েছে ক্রিকেটার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব)। কোয়াবের পক্ষ থেকে জানানো হয়, নাজমুল ইসলাম এখনো দায়িত্বে থাকায় আন্দোলন অব্যাহত থাকবে। খেলোয়াড়রা কোনো ম্যাচ, অনুশীলন কিংবা আনুষ্ঠানিক ক্রিকেট কার্যক্রমে অংশ নেবেন না, যতক্ষণ না তাকে বিসিবি থেকে সরানো হয়। এই অবস্থান থেকে তারা একচুলও নড়বেন না বলেও স্পষ্ট করা হয়েছে। বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) এক সংবাদ সম্মেলনে কোয়াব সভাপতি মোহাম্মদ মিঠুন বলেন, বিসিবি যদি আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয় যে ৪৮ ঘণ্টার মধ্যে এম নাজমুল ইসলামকে অপসারণ করা হবে, তবেই ক্রিকেটাররা মাঠে ফিরবেন। অন্যথায় খেলা বন্ধ থাকলে তার দায় খেলোয়াড়দের নয়, বোর্ডকেই নিতে হবে।

LENS ASIA